বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)
Bangladesh Submarine Cable Company Limited (BSCCL)
(A Public Limited Company under Posts and Telecommunications Division of - MoPT & IT)
Connecting the world

তারিখ ঃ ৮ই নভেম্বর, ২০১৮খ্রিঃ

# 'প্রেস রিলিজ'

## বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) -এর ৫% নগদ লভ্যাংশ ঘোষণা।

ঢাকা, ৮ই নভেম্বর, ২০১৮খ্রি.ঃ বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) -এর ১০ম বার্ষিক সাধারণ সভা ৮ই নভেম্বর, ২০১৮খ্রিঃ (বৃহস্পতিবার) ঘটিকায় ট্রাস্ট মিলনায়তন, ৫৪৫, পুরাতন বিমান বন্দর রোড, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২১৬ -এ অনুষ্ঠিত হয়। সভায় ২০১৭-২০১৮ অর্থ বছরে কোম্পানির শেয়ারহোল্ডারদের জন্য ৫% নগদ লভ্যাংশ ঘোষিত ও অনুমোদিত হয়।

উক্ত সভায় সভাপতিত্ব করেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় সচিব ও কোম্পানীর চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার। সভায় কোম্পানির পরিচালক জনাব মোঃ আজিজুল ইসলাম, জনাব মোঃ জালাল উদ্দিন, ড. মাহবুবুল আলম জোয়ার্দার, স্বতন্ত্র পরিচালক জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, এফসিএস, কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মশিউর রহমান ও কোম্পানি সচিব জনাব মোঃ আব্দুস সালাম খাঁন, এফসিএসসহ উল্লেখযোগ্য সংখ্যক শেয়ারহোল্ডার ও কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় শেয়ারহোল্ডারগণ বিএসসিসিএল এর পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে কোম্পানির সার্বিক সাফল্য ও উন্নতিতে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য ধন্যবাদ জানান। সভায় শেয়ারহোল্ডারগণ কোম্পানির রাজস্ব আয় ও ব্যান্ডউইড্থের ব্যবহার গত বছর হতে উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

SEA-ME-WE-4 ও SEA-ME-WE-5 সাবমেরিন ক্যাবল সিস্টেমের মাধ্যমে ব্যান্ডউইড্থ সেবা প্রদান করে বিএসসিসিএল বাংলাদেশ সরকারের রাজস্ব আয়ে উল্লেখযোগ্য অবদান রাখছে। ২০২১ সালের মধ্যে সরকার ঘোষিত 'ডিজিটাল বাংলাদেশ' গঠনে সাবমেরিন ক্যাবল নেটওয়ার্ক প্রধান টেলিযোগাযোগ অবকাঠামো হিসেবে ব্যবহৃত হবে এবং এ বিষয়ে বিএসসিসিএল যথাযথ ভূমিকা পালন করে যাচ্ছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সুলভ মূল্যে ইন্টারনেট ব্যান্ডউইড্থ সেবা প্রদানের জন্য বিএসসিসিএল নিজস্ব IIG এর বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করে আসছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে কোম্পানির মোট ব্যান্ডউইড্থ লিজের পরিমাণ ছিল ২৪৬.৯৮ জিবিপিএস যার বিপরীতে ২০১৭-২০১৮ অর্থ বছরে কোম্পানির ব্যান্ডউইড্থ লিজের পরিমাণ দাড়ায় ৪৪৬.৪৮ জিবিপিএস।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) গত ২০১৭-২০১৮ অর্থ বছরে ৭.৩৩ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে এবং ৩০শে জুন ২০১৮ তারিখে কোম্পানির শেয়ার হোল্ডারর্স ইকুইটি ৫৮৮.৪৩ কোটি টাকায় উন্নীত হয়েছে।

৮/১১/২০১৮

(মশিউর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড।

প্রতি

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

.......................................................

.......................................................

.......................................................

Rahmans' Regnum Center (7th & 8th Floor) 191, Tejgaon-Gulshan Link Road, Dhaka 1208, Bangladesh
Tel: 88 02 8879192, 88 02 8879194, Fax : 88 02 8879193, Web: www.bsccl.com